# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৭৪/২০২৩-২০২৪/৭০৯ তারিখঃ ২৯ মে, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দকৃত তহবিল হতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ (ডিভিশন-১) (বিকেবি শাখা) এর পত্র নং-এসিডি(বিকেবি) ৯১২(৪)/২০২৪-২৯৩৯ তারিখঃ ১৬/০৫/২০২৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্র পর্যালোচনায় দেখা যায় গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অত্র ব্যাংকের অনুকূলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত বরাদ্দের বিপরীতে মার্চ, ২০২৪ পর্যন্ত গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের পরিমাণ মাত্র ৩৪.৬৬ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ১৪.৪৪%। আলোচ্য স্কিমের আওতায় অত্র ব্যাংকের গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৩। উল্লিখিত স্কিমের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক ২৬.০৫.২০২৪ তারিখ ভিত্তিক ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | লক্ষ্যমাত্রা | ২৬.০৫.২০২৪ তারিখ ভিত্তিক অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রার অবশিষ্ট অংশ |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ২৫.০০ | ৬.৪৯ | ২৫.৯৭% | ১৮.৫১ |
| ২ | ময়মনসিংহ | ২৫.০০ | ৫.০৮ | ২০.৩২% | ১৯.৯২ |
| ৩ | চট্টগ্রাম | ৭.০০ | ১.৮৩ | ২৬.১৬% | ৫.১৭ |
| ৪ | খুলনা | ৩৫.০০ | ৪.০৪ | ১১.৫৪% | ৩০.৯৬ |
| ৫ | বরিশাল | ৩.০০ | ০.৪৯ | ১৬.২৬% | ২.৫১ |
| ৬ | সিলেট | ৬.০০ | ০.৮৯ | ১৪.৮৭% | ৫.১১ |
| ৭ | কুমিল্লা | ৩২.০০ | ৩.৪৮ | ১০.৮৬% | ২৮.৫২ |
| ৮ | ফরিদপুর | ২৪.০০ | ৪.৩৮ | ১৮.২৩% | ১৯.৬২ |
| ৯ | কুষ্টিয়া | ৮৩.০০ | ৮.৪৮ | ১০.২২% | ৭৪.৫২ |
| মোট | | ২৪০.০০ | ৩৫.১৬ | ১৪.৬৫% | ২০৪.৮৪ |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় অত্র ব্যাংকের নির্ধারিত ২৪০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ২৬.০৫.২০২৪ তারিখ পর্যন্ত অর্জন হয়েছে ৩৫.১৬ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ১৪.৬৫%। সংশ্লিষ্ট স্কিমের আওতায় কোন বিভাগেই ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগ কর্তৃক আয়োজিত মাসিক কৃষি ঋণ বিষয়ক সভায় আলোচ্য স্কিমের আওতায় অত্র ব্যাংকের ঋণ বিতরণে কাঙ্খিত অর্জন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণকে ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ মাঠ কার্যালয়কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

চলমান পাতা-০২

বিষয় ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দকৃত তহবিল হতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৭৪/২০২৩-২০২৪/৭০৯ তারিখঃ ২৯ মে, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (***উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***)
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। নথি/মহানথি।

২৯/০৫/২০২৪

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

কৃষি ঋণ বিভাগ (ডিভিশন-১)
(বিকেবি শাখা)

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং. ৬৮৪১ তারিখঃ ২৮/০৫/২৪
ডিএমডি-........ জিএম.... OP
ব্যবস্থাপনা পরিচালক

সূত্র নং ঃ এসিডি(বিকেবি) ৯১২(৪)/২০২৪- ২৭৬৯

তারিখঃ ১৬/০৫/২০২৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা।

প্রিয় মহোদয়,

**গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহ কর্তৃক বরাদ্দকৃত তহবিল হতে ঋণ বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় এই বিভাগের ৩১/০৮/২০২৩ তারিখের এসিডি(পলিসি)৩৬(৫)/২০২৩/৪৮৪০ নম্বর বরাদ্দপত্র এবং বাংলাদেশ ব্যাংক ও আপনাদের মধ্যে ২৫/০৯/২০২২ তারিখে স্বাক্ষরিত Participation Agreement (অংশগ্রহণ চুক্তি) এর শর্তাবলীর আওতায় আপনাদের অনুকূলে বিদ্যমান বরাদ্দের বিপরীতে মার্চ, ২০২৪ পর্যন্ত গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের পরিমাণ মাত্র ৩৪.৬৬ কোটি টাকা (১৪.৪৪%)। এমতাবস্থায়, আলোচ্য স্কিমের আওতায় আপনাদের ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এমবি খীসা)
যুগ্ম পরিচালক
আইপিঃ ০২৫৫৬৬৫০০১-২০/২০১৯৪

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- ৩০৭৮ তারিখ ২৮/০৫/২৪
উমব্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন ব্যাংকিং
বিসিবিডি/কৃপবি
মহাব্যবস্থাপক



CamScanner